

বাংলা ভাষার বিশুদ্ধতার প্রশ্নে

গত ২৪/২/৭৯ তারিখে ইত্তে-
ফাকে প্রকাশিত 'সত্যদর্শীর লেখা
পড়িয়া বাংলা ভাষার বিশুদ্ধতা
রক্ষার ব্যাপারে আপনাদের
আগ্রহ দৃষ্টি আনলিত হইল।
আমরা জানি রাস্তার ও দোকান-
নের নামের বানানে ঢাকার
অল্পত অনেক ভুল দেখা যায়।
কিন্তু যে বিষয়টি আমার মত
অবসরগ্রহণকারী বন্ধু সাংবা-
দিককেও পীড়িত করে, তাহা
অনেকটা চেরাগের গোড়ায়
অন্ধকারের মত। সম্প্রতি পত্র-
পত্রিকায় 'প্রেক্ষিত' শব্দটার
বিশেষরূপে প্রচুর ব্যবহার লক্ষ্য
করিতেছি। মনে হয়, 'পরি-
প্রেক্ষিত' শব্দটাকে সংক্ষিপ্ত করিয়া
'প্রেক্ষিত' লিখা হইতেছে। কিন্তু
ঐ দুইটি শব্দের অর্থ যেমন
আলাদা, পদও তেমনই স্বতন্ত্র।
'পরিপ্রেক্ষিত' বিশেষ্য এবং
'প্রেক্ষিত' বিশেষণ। সুতরাং
একটার বদলে আরেকটার ব্যব-
হার যে কিভাবে হইতে পারে,
তাহা আমার বুদ্ধির অতীত।
ভাষার সম্পদ বৃদ্ধির জন্ত ইহা
একটা নতুন সৃষ্টি 'পরিভাষা'
কিনা, কেহ আলোকপাত করিলে
স্বাভাবিক হইবে।

একথা বলিতেছি একটি বিশেষ
কারণে। খবরের কাগজের ভাষা
ছাত্রসমাজকে খুবই প্রভাবিত
করে। ভাটিকানের পোপ মারা
যাওয়ার আগে নিজ সম্পত্তির
বিলি-বাবদার জন্ত 'উইল'
করিয়াছিলেন। সংবাদপত্রে দেখি-
লাম, তাঁহার সেই উইলের পরি-
ভাষা করা হইয়াছে "ইচ্ছাপত্র"।
ইহা কি সঠিক হইয়াছে? 'উইল'
শব্দের অর্থ ও বাস্তবতা উহাতে
ধরা পড়িয়াছে কি? অনুরূপ
আর একটি শব্দ হইতেছে
"প্রেক্ষিত পরিকল্পনা"। ইহার
অর্থ কি? ইহার ইংরেজী
প্রতিশব্দই বা কি?

নারীর কেউটে সাপ প্রসব
সংক্রান্ত আজগুবি সংবাদ পত্রি-
কায় প্রকাশিত কথা না হয় বাদই
দিলাম। কিন্তু বাংলাভাষার
বিশুদ্ধতা রক্ষার প্রশ্নে পত্র-পত্রি-
কার দায় ও দায়িত্ব নিশ্চয়ই
রহিয়াছে। আমাদের দেশে
ভাবাবিদ পণ্ডিতের অভাব নাই।
এসব বিষয়ে তাহাদেরও দৃষ্টি পড়ে
নাকেন? খালি পায়ে দল
বাহিনী শহীদ মিনারে ফুল দিয়ে

বি. কম. পরীক্ষার প্রশ্নপত্র প্রসংগে

ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ
বি. কম. (পাস) "বানিজ্যিক
যোগাযোগ ও সচিবের কার্য
পদ্ধতি" প্রশ্নপত্রটি ব্যতীত সব-
গুলি প্রশ্নপত্র বাংলা এবং
ইংরেজী উভয় ভাষায় প্রণয়ন
করিয়া আসিতেছেন। এমনকি
প্রশ্নপত্রগুলি উভয় ভাষায় উত্তর
দেওয়ার নির্দেশ দিয়াছেন। প্রতি
পরীক্ষার্থী সেজন্য কতৃপক্ষের
নিকটে কৃতজ্ঞ। কিন্তু দুঃখের
বিষয় এই যে, একটামাত্র প্রশ্ন-
পত্র অজ্ঞাবধি শুধু ইংরেজী
ভাষায় হইয়া আসিতেছে। প্রশ্ন-
পত্রটি হইল "বানিজ্যিক যোগা-
যোগ ও সচিবের কার্য পদ্ধতি"।
অবশ্য প্রশ্নপত্রটির উত্তর বাংলা
অথবা ইংরেজী ভাষায় দেওয়ার
নির্দেশ রহিয়াছে। প্রশ্নপত্রটি
শুধু ইংরেজীতে প্রকাশিত হওয়ার
বাংলায় উত্তরদানকারী পরী-
ক্ষার্থীদের ভীষণ অসুবিধার
সম্মুখীন হইতে হয়। ইংরেজী
প্রশ্নগুলি প্রথমে বাংলা করিয়া

বাংলায় উহার উত্তর দিতে
অনেক সময়ের অপচয় হয়
এবং নির্দিষ্ট সময়ে প্রশ্নের উত্তর-
গুলি সম্পন্ন করা সম্ভব হয় না।
এ ক্ষেত্রে উল্লেখ থাকে যে,
বিশ্ববিদ্যালয়ের অধীনে যেসব
বিভাগের পরীক্ষায় বাংলা ও
ইংরেজী উভয় ভাষায় উত্তর
দান পদ্ধতি স্বীকৃত সে সব
বিভাগের প্রশ্নপত্র বাংলা ও
ইংরেজী উভয় ভাষাতেই প্রণয়ন
করা হইয়া থাকে, তাই ঢাকা
বিশ্ববিদ্যালয়ের কতৃপক্ষের সমীপে
আমাদের আকুল আবেদন,
উপরোক্ত প্রশ্নপত্রটি বাংলা ও
ইংরেজী উভয় ভাষায় প্রণয়ন
করিয়া অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে
শিক্ষারত স্নাতকোত্তর শ্রেণীর
বানিজ্য বিভাগের বি. কম. (পাস)
পরীক্ষার্থীদের উত্তরদানের পদ্ধতি
সহজ ও সুগম করিয়া দেওয়া
হউক। এইচ.এম.এ.জলিল, এস.
এম. জাহের, এম. এ. করিম,
শহীদ সোহরাওয়ার্দী মহাবিদ্যা-
লয়, ঢাকা।